গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি অনুবিভাগ
www.ssd.gov.bd

সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিমের আগস্ট ২০২২ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শাহানারা খাতুন<br>অতিরিক্ত সচিব ও এপিএ টিম প্রধান |
| তারিখ | : | ১০/০৮/২০২২ খ্রি. |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| স্থান | : | সভাপতির অফিস কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট -ক |

সভায় উপস্থিত সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিমের সদস্য, সুশাসন ও সংস্কারমূলক পরিকল্পনায় বর্ণিত কার্যক্রম বাস্তবায়নে সম্পৃক্ত ফোকালপয়েন্ট কর্মকর্তা/প্রতিনিধি এবং অনুবিভাগ প্রতিনিধিগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। তিনি জানান, বিগত বছরের ন্যায় চলতি বছরেও সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম যেমন-জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন এবং তথ্য অধিকার বাস্তবায়ন কর্মপরিকল্পনাসমূহকে সমন্বিতভাবে এপিএ'র অংশ হিসাবে অন্তর্ভুক্ত রয়েছে। যাতে সংশ্লিষ্ট অফিসের কার্যতালিকাভুক্ত কর্মকান্ড বাস্তবায়নে ৭০ নম্বর এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে ১০ নম্বর, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন পরিকল্পনা বাস্তবায়নে ১০ নম্বর, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনায় ৪ নম্বর, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে ৩ নম্বর, এবং তথ্য অধিকার কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়নের জন্য ৩ নম্বর সর্বমোট ৩০ নম্বর বরাদ্দ থাকবে। সবগুলো কর্মপরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে কোন একটি প্রতিষ্ঠান/দপ্তর/সংস্থা/বিভাগ/মন্ত্রণালয়কে সার্বিক ভাবে মূল্যায়ন করা হবে। তিনি এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভার কার্যপত্র অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য অনুরোধ জানান।

০২। এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, বিগত ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত প্রতিবেদন প্রয়োজনীয় প্রমাণকসহ এপিএএমএস সফটওয়্যার এর মাধ্যমে সাবমিট করা হয়েছে। বিগত অর্থ বছরের মোট ৪৬টি সূচকের মধ্যে ১টি সূচক অর্জিত হয়নি এবং একটি সূচক আংশিক বাস্তবায়িত হয়েছে। অবশিষ্ট সকল সূচক শতভাগ অর্জিত হয়েছে। আগামী ১১/০৮/২০২২খ্রিষ্টাব্দে দাখিলকৃত প্রমাণকের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ফিডব্যাক প্রদান করা হবে। এছাড়া আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক বিগত বছরের এপিএসহ সকল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির চূড়ান্ত প্রতিবেদন স্ব-স্ব ফোকাল পয়েন্ট বরাবর দাখিল করা হয়েছে। প্রতিটি কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির সাথে দাখিলকৃত প্রমাণকের আলোকে কার্যক্রম মূল্যায়নপূর্বক সমন্বিত মূল্যায়ন প্রতিবেদন আগামী ৩০ আগস্ট ২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলের নির্দেশনা রয়েছে। এপিএ টিমের একাধিক সদস্যের সমন্বয়ে একটি মূল্যায়ন কমিটি গঠনের মাধ্যমে এটি সম্পন্ন করা যেতে পারে।

০৩। এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা অনুসারে অর্থবছরের সম্ভাব্য বাজেট এবং পূর্ববর্তী বছরসমূহের এপিএ'র সঙ্গে সামঞ্জস্য বজায় রেখে এপিএ-তে লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক সুরক্ষা সেবা বিভাগের ২০২২-২৩ অর্থবছরের এপিএ প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট সকল এবং বিশেষজ্ঞ পুলের সদস্যগণ সমন্বয়ে অনুষ্ঠিত সভায় চূড়ান্ত করা হয়। পরবর্তীতে মন্ত্রিপরিষদ বিভাগের পরামর্শ/ফিডব্যাক অনুযায়ী চূড়ান্তকৃত বার্ষিক কর্মসম্পাদক চুক্তি এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করা হয়। চূড়ান্তকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সচিব, সুরক্ষা সেবা বিভাগ এবং মন্ত্রিপরিষদ বিভাগের সচিব মহোদয়ের সাথে স্বাক্ষরিত হয়।

০৪। সুরক্ষা সেবা বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত কার্যক্রমসমূহের বিপরীতে বর্ণিত সূচকসমূহের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জন/বাস্তবায়নে অধীনস্ত দপ্তর/সংস্থার পাশাপাশি সুরক্ষা সেবা বিভাগের বিভিন্ন শাখা/অধিশাখা/অনুবিভাগসমূহ সরাসরি সম্পৃক্ত। অনুবিভাগ ওয়ারী কার্যক্রমের তালিকা নিম্নে উল্লেখ করা হলো:

## ২০২২-২৩ অর্থবছরের সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত কার্যক্রমের তালিকা:

| ক্রম | কার্যক্রম | একক | সূচকের মান | লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|
| | **নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ সংশ্লিষ্ট** | | | |
| | নাগরিকবৃন্দের বাংলাদেশী ভিসা সংক্রান্ত আবেদন নিষ্পত্তিকরণ | শতকরা | ২ | ৭০% |
| ২. | বিদেশী নাগরিকবৃন্দের অনুকূলে নিরাপত্তা ছাড়পত্রের আবেদন নিষ্পত্তিকরণ | শতকরা | ২ | ৬৫% |
| ৩. | প্রবাসী বাংলাদেশীগণের দ্বৈত নাগরিকত্বের আবেদন নিষ্পত্তিকরণ | শতকরা | ২ | ৬৪% |
| ৪. | নির্ধারিত সময়ে প্রিন্টযোগ্য পাসপোর্ট পার্সোনালাইজেশন (মুদ্রণ) নিশ্চিতকরণ | শতকরা | ২ | ৭০% |
| | **কারা অনুবিভাগ সংশ্লিষ্ট** | | | |
| ৫. | কারাবন্দিদের পুনর্বাসনের জন্য বিভিন্ন ট্রেডে প্রদানকৃত প্রশিক্ষণ, উৎপাদন এবং লভ্যাংশ প্রদান কার্যক্রম সম্প্রসারণ (ক্রমপুঞ্জিত) | কারাগার সংখ্যা | ২ | ৩৩টি |
| ৬. | কারাবন্দীদের পিসি'তে অনলাইনে টাকা জমা প্রদানের কার্যক্রম সম্প্রসারণ (ক্রমপুঞ্জিত) | কারাগার সংখ্যা | ২ | ৫৫টি |
| ৭. | কারাগারসমূহে মাদকাসক্ত বন্দিদের জন্য বিশেষ ওয়ার্ড চালু ও চিকিৎসার কাজ সম্প্রসারণ (ক্রমপুঞ্জিত) | কারাগার সংখ্যা | ২ | ১৫টি |
| ৮. | মহিলা কারাবন্দিদের সাথে অবস্থানরত শিশুদের জন্য ডে কেয়ার স্থাপন (ক্রমপুঞ্জিত) | কারাগার সংখ্যা | ২ | ১২টি |
| ৯. | বন্দি ধারণ ক্ষমতা উন্নীতকরণ (ক্রমপুঞ্জিত) | বন্দী সংখ্যা | ২ | ৪২,৭০০জন |
| ১০. | কারা নিরাপত্তা ব্যবস্থা আধুনিকায়নের লক্ষ্যে আধুনিক যন্ত্রপাতি/সরঞ্জামাদি সংযোজনের কার্যক্রম সম্প্রসারণ | কারাগার সংখ্যা | ১ | ৫৫টি কারাগার |
| | **অগ্নি অনুবিভাগ সংশ্লিষ্ট** | | | |
| ১১. | বস্তি/বহুতল ভবন/ শপিংমল/হাসপাতাল ও অন্যান্য স্থানে অগ্নিনির্বাপণী মহড়া পরিচালনা | সংখ্যা | ৩ | ৪,৫০০টি |
| ১২. | নির্দিষ্ট সময়ের মধ্যে ফায়ার লাইসেন্স/ফায়ার ছাড়পত্র প্রদান | শতকরা | ২ | ৮০% |
| ১৩. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মচারীদের বদলি ও পদায়ন নীতিমালা চূড়ান্তকরণ | তারিখ | ২ | ৩১-০৩-২৩ |
| ১৪. | দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের অফিস এবং উন্নয়ন প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শনে প্রদত্ত সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত ফলাবর্তক সভা আয়োজন | সংখ্যা | ২ | ৬টি |
| | **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ সংশ্লিষ্ট** | | | |
| ১৫. | শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী সচেতনতা সৃষ্টিতে প্রশিক্ষক/মেন্টর তৈরি | সংখ্যা | ২ | ১,২০০জন |
| ১৬. | মাদক বিরোধী অভিযান কার্যক্রম পরিচালনা | সংখ্যা | ৩ | ৬৫,০০০টি |
| ১৭. | জেলা, উপজেলা পর্যায়ে মাদকবিরোধী সেমিনার/ওয়ার্কশপ আয়োজন | সংখ্যা | ২ | ১০০টি |
| ১৮. | মাদক বিরোধি কার্যক্রম জোরদারকরণে উপজেলাভিত্তিক কমিউনিটি ভলান্টিয়ার টিম গঠন | সংখ্যা | ২ | ১৩০টি |
| ১৯. | অনুমোদিত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের অনুকূলে অনুদান প্রদান | তারিখ | ২ | ৩১-০৩-২৩ |
| ২০. | সরকারি/বেসরকারি মাদকাসক্ত নিরাময় কেন্দ্রে মাদকাসক্ত ব্যক্তিদের চিকিৎসা প্রদান | সংখ্যা | ২ | ৩১,০০০জন |
| ২১. | সরকারি/বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে মাদকাসক্ত ব্যক্তিকে প্রদানকৃত কাউন্সিলিং সেবা প্রদান | সংখ্যা | ১ | ৯,০০০ জন |
| ২২. | এ্যানফোর্সমেন্ট কমিটির সভা আয়োজন | সংখ্যা | ১ | ৪টি |
| ২৩. | মাদক সংক্রান্ত পরিবীক্ষণ সভা আয়োজন | সংখ্যা | ১ | ৪টি |
| ২৪. | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (এ্যালকোহল ব্যতীত) বিধিমালা ২০২২-এর খসড়া লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ | তারিখ | ১ | ৩১-৫-২৩ |

| ক্রম | কার্যক্রম | একক | সূচকের মান | লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|
| | **উন্নয়ন অনুবিভাগ সংশ্লিষ্ট কার্যক্রম** | | | |
| ২৫. | বিদেশস্থ মিশন হতে ই-পাসপোর্ট কার্যক্রম সম্প্রসারণ | সংখ্যা | ৩ | ১০টি |
| ২৬. | শাহ আমানত এবং ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দরে স্থাপিত ই-গেইট সমূহের কার্যক্রম চালুকরণ | তারিখ | ২ | ৩১-০১-২৩ |
| ২৭. | ই-টিপি চালুকরণের লক্ষ্যে টেন্ডার ডকুমেন্ট মন্ত্রণালয় পর্যায়ে যাচাই-বাছাই সম্পন্নকরণ | তারিখ | ১ | ৩১-০৩-২৩ |
| ২৮. | কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুনর্নির্মাণ শীর্ষক প্রকল্পের ভৌত কার্যক্রম বাস্তবায়ন | শতকরা | ১ | ২০% |
| ২৯. | খুলনা জেলা কারাগার নির্মাণ প্রকল্পের ভৌত কার্যক্রম বাস্তবায়ন | শতকরা | ১ | ৮০% |
| ৩০. | নরসিংদি জেলা কারাগার নির্মাণ প্রকল্পের ভৌত কার্যক্রম বাস্তবায়ন | শতকরা | ১ | ৪৫% |
| ৩১. | দেশের গুরুত্বপূর্ণ স্থানে ৩৫টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্পের ডিপিপি যাচাই বাছাইকরণ | তারিখ | ২ | ৩১-০৩-২৩ |
| ৩২. | ১১টি মডার্ণ ফায়ার স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় ফায়ার স্টেশন নির্মাণ | সংখ্যা | ২ | ৭টি |
| ৩৩. | ১৬ আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় ভবন নির্মাণ সম্পন্নকরণ | শতকরা | ২ | ৮০% |
| | **প্রশাসন ও অর্থ অনুবিভাগ সংশ্লিষ্ট কার্যক্রম** | | | |
| ৩৪. | সরকারি কর্মচারিদের সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে সমসাময়িক বিষয়ে বিশেষ লার্নিং সেশন আয়োজন | সংখ্যা | ১ | ৬টি |

০৫। দপ্তর/সংস্থাকর্তৃক মাঠ পর্যায়ে বাস্তবায়িত নিম্নবর্ণিত কার্যক্রমসমূহ পরিদর্শন ও মূল্যায়নের বিষয়গুলো সুরক্ষা সেবা বিভাগের ২০২২-২৩ অর্থবছরের 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'তে কর্মসম্পাদন সূচক হিসেবে অন্তর্ভুক্ত রয়েছে। এ বিভাগের কর্মকর্তাগণকর্তৃক দপ্তর/সংস্থা এবং তাদের অধীন মাঠ পর্যায়ের অফিস পরিদর্শনকালে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত নিম্নোক্ত কার্যক্রমগুলো পরিদর্শন একান্ত অপরিহার্য:

| ক্রম | কার্যক্রম | একক | সূচকের মান | লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|
| ১. | বস্তি/বহুতল ভবন/ শপিংমল/ হাসপাতাল ও অন্যান্য স্থানে পরিচালিত অগ্নিনির্বাপণী মহড়া কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | সংখ্যা | ২ | ২০টি |
| ২. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক পরিচালিত মৌলিক/ পেশাগত / ভলান্টিয়ার প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | সংখ্যা | ২ | ১০টি |
| ৩. | পরিচালিত মাদকবিরোধী অভিযান কার্যক্রম মূল্যায়ন | সংখ্যা | ১ | ১৫টি |
| ৪. | সরকারি/বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | সংখ্যা | ১ | ১৪টি |
| ৫. | কারাবন্দিদের পুনর্বাসনের জন্য প্রদানকৃত প্রশিক্ষণ এবং উৎপাদিত পণ্যের লভ্যাংশ প্রদান কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | সংখ্যা | ১ | ১০টি |
| ৬. | বিভাগীয়/আঞ্চলিক অফিসের পাসপোর্ট/ই-পাসপোর্ট ইস্যু কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | সংখ্যা | ২ | ১৫টি |

০৬। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, চলতি বছরের ৫০ নম্বরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় মোট ১৫টি কার্যক্রম রয়েছে যেগুলো বাস্তবায়নের মাধ্যমে মূল এপিএতে ১০ নম্বর যোগ হবে। তিনি শাখা ভিত্তিক শুদ্ধাচার কর্মপরিকলনায় অন্তর্ভুক্ত কার্যক্রম গুলো তুলে ধরেন। বর্ণিত কার্যক্রম গুলোর মধ্যে ১২টি মনিত্রপরিষদ বিভাগকর্তৃক নির্ধারণ করা এবং অবশিষ্ট ০৩টি এ বিভাগ কর্তৃক নির্বাচিত করা। নিম্নে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ উল্লেখ করা হলো:

### সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩

| ক্রমিক | কার্যক্রমের নাম | একক | লক্ষ্যমাত্রা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | নৈতিকতা কমিটির সভা আয়োজন | সংখ্যা | ৪ | ফোকালপয়েন্ট |
| ২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | % | ১০০ | ঐ |
| ৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | সংখ্যা | ২ | ঐ |
| ৪ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন (সকল কর্মকর্তা-কর্মচারী) | সংখ্যা | ১৫৮ জন | প্রশাসন-১ |
| ৫ | কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি | সংখ্যা ও তারিখ | ২ টি<br>৩১/০৩/২৩<br>৩০/০৬/২৩ | প্রশাসন-২<br>(কর্মপরিকল্পনা সংযুক্ত অনুযায়ী) |
| ৬ | আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | তারিখ | ৩টি<br>৩১/১০/২২<br>৩১/০১/২৩<br>৩০/০৪/২৩ | ফোকালপয়েন্ট |
| ৭ | ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | তারিখ | ৩১/০৭/২২ | প্রশাসন-২ |
| ৮ | অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব ও উন্নয়ন) | % | ১০০ | প্রশাসন-২ |
| ৯ | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | % | ১০০ | উন্নয়ন অনুবিভাগ |
| ১০ | প্রকল্পের PSC সভা আয়োজন (১১টি প্রকল্প চলমান) | সংখ্যা | ৩৫ টি | উন্নয়ন অনুবিভাগ |
| ১১ | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | তারিখ | ৩০/০৬/২৩ | উন্নয়ন অনুবিভাগ |
| ১২ | সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | % | ১০০ | প্রশাসন-২ |
| ১৩ | রাজস্ব বাজেটের আওতায় ক্রয় কার্য সম্পাদনে ই-টেন্ডারের ব্যবহার নিশ্চিতকরণ | % | ৬৫ | প্রশাসন-২ |
| ১৪ | উত্তরা এবং যাত্রাবাড়ী আঞ্চলিক পাসপোর্ট অফিসের সার্বিক সেবার মান উন্নয়নে তদারকি টিম গঠন এবং তদারকি কমিটি কর্তৃক সুপারিশ প্রণয়ন এবং সুপারিশ বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ | সংখ্যা | ৪ | নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ |
| ১৫ | অনলাইন স্টোরেজ ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণ | তারিখ | ৩০/০৩/২৩ | প্রশাসন-২ |

০৭। অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন এবং তথ্য অধিকার বাস্তবায়ন কর্মপরিকল্পনা বাস্তবায়নকারী ফোকালপয়েন্ট কর্মকর্তাগণ আলোচনায় অংশনিয়ে চলতি ২০২২-২৩ অর্থ বছরের স্ব-স্ব কর্মপরিকল্পনা তুলে ধরেন। বিগত বছরের বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়নের সময় প্রাপ্ত অভিজ্ঞতা থেকে তাঁরা জানান, দপ্তর/সংস্থার কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়ন এবং যথাযথ প্রমাণক সংরক্ষণের বিষয়ে অধিদপ্তরের সংশ্লিষ্ট ফোকালপয়েন্ট কর্মকর্তাগণদের প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে।

০৮। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়-

৮.১। শাখা/অধিশাখা/অনুবিভাগসমূহের কর্মকর্তাগণ তাঁদের নামের পাশে বর্ণিত এপিএ এবং শুদ্ধাচার কর্মপরিকল্পনায় কার্যক্রমসমূহের বিপরীতে নির্ধারিত লক্ষ্যমাত্রা নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করে বাস্তবায়ন প্রতিবেদন প্রমাণকসহ এই বিভাগের এপিএ এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট বরাবর দাখিল করবেন;

৮.২। সুরক্ষা সেবা বিভাগের এপিএতে আওতাধীন দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে সংশ্লিষ্ট অনুবিভাগ সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করবে;

৮.৩। সুরক্ষা সেবা বিভাগের কর্মকর্তাগণকর্তৃক দপ্তর/সংস্থা এবং তাঁদের অধীন মাঠ পর্যায়ের অফিস পরিদর্শনকালে এপিএ কর্মপরিকল্পনায় বর্ণিত কার্যক্রমগুলো পরিদর্শনপূর্বক মূল্যায়ণ প্রতিবেদন এই বিভাগের এপিএ ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়;

৮.৪। বিগত অর্থ বছরের দপ্তর/সংস্থার এপিএ এবং শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন মূল্যায়ণের জন্য এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব জাহিদুল ইসলাম (উপসচিব, অগ্নি-১); এপিএ টিমের সদস্য জনাব মো: আবদুল কাদির (উপসচিব, প্রশা-৩); জনাব মোহাম্মদ আবদুর রউফ মিয়া (উপসচিব, মাদক-১) এবং জনাব মো: আইয়ুব হোসেন (প্রোগ্রামার), সুরক্ষা সেবা বিভাগ-এর সমন্বয়ে মূল্যায়ন কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং

৮.৫। দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য দপ্তর/সংস্থা প্রধানগণ এবং প্রকল্প পরিচালকগণ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

০৯। পরিশেষে অন্য কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৬/৮/২০২২
(শাহানারা খাতুন)
অতিরিক্ত সচিব
ও
এপিএ টিম প্রধান
সুরক্ষা সেবা বিভাগ।

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫০.৩২.০০১.২২-১১২

তারিখ : ০১ ভাদ্র ১৪২৯ / ১৬ আগস্ট ২০২২

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১. অতিরিক্ত সচিব ............................................................ উইং (সকল), সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।
২. দপ্তর/সংস্থা প্রধান (সকল)
৩. যুগ্মসচিব .......................................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৪. উপসচিব .......................................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫. সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব..............................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৭. প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ জানানো হলো)।

১৬/৮/২০২২
(জাহিদুল ইসলাম)
উপসচিব (অগ্নি শাখা-১)
ও
এপিএ ফোকাল পয়েন্ট